

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৯ ১২

আগরতলা, ২২ নভেম্বর, ২০২৪

**কৃষ্ণপুর উচ্চবিদ্যালয়ের সাম্প্রতিক ঘটনার  
পরিপ্রেক্ষিতে বিদ্যালয় শিক্ষা দপ্তরের পদক্ষেপ**

খোয়াই জেলার তেলিয়ামুড়া রুকে কৃষ্ণপুর উচ্চবিদ্যালয়ে গত ১৫ নভেম্বর একটি অপ্রীতিকর ও অনভিপ্রেত ঘটনা সংঘটিত হয়। এই ঘটনার পরিপ্রেক্ষিতে বিদ্যালয় শিক্ষা দপ্তর থেকে এক প্রেস বিবৃতিতে জানানো হয়েছে, ঘটনার অব্যবহিত পরেই বিদ্যালয় শিক্ষা দপ্তরের যুগ্ম অধিকর্তার নেতৃত্বে এক প্রতিনিধিদল বিদ্যালয় পরিদর্শন করেন। পরিদর্শনকালে জানা গেছে সংশ্লিষ্ট যে ব্যক্তিকে নিয়ে অভিযোগ তিনি সমগ্র শিক্ষার অন্তর্ভুক্ত ICT প্রকল্পে বেসরকারি সংস্থা কর্তৃক ICT প্রশিক্ষক। ২০২১ সালে SIBIN Learning Cart Pvt. Limited এই প্রশিক্ষককে ICT প্রজেক্টে চুক্তির ভিত্তিতে নিয়োগ করে।

বিদ্যালয় শিক্ষা দপ্তরের প্রেস বিবৃতিতে জানানো হয়েছে, ছাত্রীদের অভিযোগ এই প্রশিক্ষক প্রায়শই তাদের প্রতি অশালীন ও আপত্তিকর ভাষায় তিরক্ষার করেন। তাছাড়া গত ৫-৬ মাস আগেও এই প্রশিক্ষকের বিরুদ্ধে অষ্টম শ্রেণির এক ছাত্রী এবং নবম শ্রেণির এক ছাত্রী একই ধরনের অভিযোগ করেছিল। এই দুই ঘটনার পরিপ্রেক্ষিতে গত ২৯ আগস্ট, ২০২৪ বিদ্যালয় পরিচালন কমিটির এক সভা অনুষ্ঠিত হয় এবং সভায় এই প্রশিক্ষককে বিদ্যালয় থেকে সরিয়ে দেওয়ার সুপারিশ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। কিন্তু পরিদর্শনকালে দেখা যায় যে, এই বিষয়ে যথোপযুক্ত পদক্ষেপ নেওয়া হয়নি।

বিদ্যালয় শিক্ষা দপ্তরের প্রেস বিবৃতিতে জানানো হয়েছে, গত ১৫ নভেম্বরের ঘটনার পরিপ্রেক্ষিতে SIBIN Learning Cart Pvt. Limited উক্ত ICT চুক্তিবদ্ধ প্রশিক্ষককে চাকরি থেকে বরখাস্ত করেছে। এই ঘটনার পরিপ্রেক্ষিতে পরবর্তীকালে এ ধরনের অনভিপ্রেত ও অপ্রীতিকর ঘটনার যাতে পুনরাবৃত্তি না হয়, সে লক্ষ্যে বিদ্যালয় শিক্ষা দপ্তর একটি দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে। এই পরিকল্পনার অঙ্গ হিসেবে ইতিমধ্যেই বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে। এ ধরনের অনভিপ্রেত ও অপ্রীতিকর পরিস্থিতি নিয়ন্ত্রণে বিদ্যালয়ের প্রধান শিক্ষককে বিদ্যালয় থেকে সরিয়ে দেওয়া হয়েছে। ইতিমধ্যেই বিদ্যালয়ের পক্ষ থেকে প্রশিক্ষক নিয়ন্ত্রের সঙ্গে যুক্ত দু'জনের বিরুদ্ধে তেলিয়ামুড়া থানায় এফআইআর করা হয়েছে।

এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি যাতে ভবিষ্যতে রাজ্যের কোনও বিদ্যালয়ে না হয় সেই লক্ষ্যে প্রতিটি বিদ্যালয়ে নিয়মিতভাবে এসএমসি সদস্য এবং বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা ও অশিক্ষক কর্মচারীদের নিয়ে সভা করার নির্দেশ দেওয়া হয়েছে। সেই সভায় বিদ্যালয়ের ছাত্রছাত্রী ও শিক্ষক শিক্ষিকাদের নিরাপত্তা এবং সম্মান সুনিশ্চিত করা সম্পর্কে বিস্তারিত মতবিনিময় করার নির্দেশও দেওয়া হয়েছে।

তাছাড়া সচেতনতামূলক পরিকল্পনার প্রারম্ভিক পদক্ষেপ হিসেবে আগামী ৩০ নভেম্বর, ২০২৪ সারা রাজ্যের উচ্চ ও উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে বিদ্যালয় পরিচালন কমিটির একটি বিশেষ সভা অনুষ্ঠিত হবে। পরবর্তীকালে নিয়মিত ব্যবধানে এ ধরনের সভা করার প্রক্রিয়া চালু থাকবে। বিদ্যালয় শিক্ষা দপ্তরের প্রেস বিবৃতিতে জানানো হয়েছে, শিক্ষক শিক্ষিকা, অভিভাবকগণ এবং রাজ্যের শুভবুদ্ধিসম্পন্ন নাগরিকদের সম্মিলিত প্রচেষ্টায় রাজ্যের শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে সুন্দর ও শিক্ষার্থীবান্ধব বাতাবরণ সুনিশ্চিত করতে বিদ্যালয় শিক্ষা দপ্তর প্রতিজ্ঞাবন্দ।

\*\*\*\*\*